

This question paper contains 2 printed pages]

Your Roll No. ....

2246

B.Ed.

D

Paper IV (x)

METHODS OF TEACHING—BANGLA (A)

Time : 1½ Hours

Maximum Marks : 35

(Write your Roll No. on the top immediately on receipt of this question paper.)

৫ নম্বর প্রশ্ন আবশ্যিক, বাকি প্রশ্নের যে কোনো দুটির উত্তর দিন।

১. 'শিক্ষার মাধ্যম হিসাবে বাংলা ভাষার স্থান সর্বোচ্চ' - যুক্তিসহ আলোচনা করুন। ১২
২. কখন বলতে কি বোঝেন? শ্রবণ ও কথনের দক্ষতা আলোচনা করে শিক্ষাক্ষেত্রে শ্রবণ ও কথনের ব্যবহারিক প্রয়োগ করে দেখান। ৪ + ৮ = ১২
৩. ভাষা ও সাহিত্যের সার্থক ব্যবহার ও উপলব্ধির ক্ষেত্রে আদর্শ পাঠের বৈশিষ্ট্য কি কি হতে পারে বলে আপনি মনে করেন? বাংলা ভাষা ও সাহিত্য অনুশীলনে সরব পাঠ ও নীরব পাঠের তুলনামূলক উপযোগীতা বিচার করুন। ৬ + ৬ = ১২
৪. কবিতা পাঠের উদ্দেশ্য কি? মাধ্যমিক স্তরে কবিতা কিভাবে পড়ানো উচিত? ৬ + ৬ = ১২
৫. নিম্নলিখিত অংশের একটি পাঠ পরিকল্পনা রচনা করুন (দশম শ্রেণীর উপযোগী)। এক্ষেত্রে পাঠ পরিকল্পনার আয়োজন, সম্ভাব্য প্রশ্ন উত্তর এবং বাড়ীর কাজের অংশগুলি রচনা করুন। ১১

যাঁহারা সমাজের শিক্ষক তাঁহারা রাজার অপেক্ষাও ভক্তির পাত্র। যাঁহারা বিদ্যা-বুদ্ধির বলে পরিশ্রমের সহিত সমাজের সেবায় নিযুক্ত, তাঁহারাই সমাজের প্রকৃত নেতা। অতএব ধর্মবেত্তা, বিজ্ঞানবেত্তা, নীতিবেত্তা, দার্শনিক, পুরাণবেত্তা, সাহিত্যকার, কবি প্রভৃতির প্রতি যথোচিত ভক্তি করিবে। যে ব্যক্তি ধার্মিক বা যিনি জ্ঞানী, তিনিই ভক্তির পাত্র। ধার্মিক নীচ জাতীয় হইলেও ভক্তির পাত্র।

P.T.O.

ভক্তি কৃতজ্ঞতা নহে, অনেক সময় নিকৃষ্টের নিকট কৃতজ্ঞ হইতে হয়। ভক্তি আপনার উন্নতির জন্য। যাহার ভক্তি নাই তাহার চরিত্রের উন্নতি নাই।

অথবা

মানসিক ও আধ্যাত্মিক শক্তিতে বাঙালী বলিয়ান ছিল। ভারতবর্ষের অন্যান্য প্রদেশ হইতে বিতাড়িত বৌদ্ধধর্ম বাঙালীর রাজ্যেই শেষ আশ্রয় লাভ করিয়া চারিশত বৎসর টিকিয়া ছিল। এই সুদীর্ঘকাল বাঙালী বৌদ্ধ জগতে গুরুস্থানীয় ছিল। জগদ্বিখ্যাত নালন্দা ও বিক্রমশীলা বিহার বাংলার বাহিরে অবস্থিত হইলেও চারিশত বৎসর পর্যন্ত বাঙালীর রাজশক্তি, মনীষা ও ধর্মভাবের দ্বারাই পরিস্ফুট হইয়াছিল।

বাণিজ্যের সম্পদে একদিন বাঙালী ঐশ্বর্যশালী ছিল। তাম্রলিপ্ত হইতে বাণিজ্য-প্রোত সমুদ্র পার হইয়া দূর-দূরান্তরে যাইত। বাঙালীর সূক্ষ্ম বস্ত্রশিল্প সমুদয় জগতে প্রসিদ্ধি লাভ করিয়াছিল।